



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৯ জানুয়ারি ২০১৮খ্রি.

## অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়ের এসএসসি-২০১৮ পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনায় সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, নিজের জন্য নয় দেশ ও জাতির জন্য আলোকিত মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। শিক্ষা জীবন শেষে কর্ম জীবনে আদর্শ নাগরিক হতে হবে। আত্মকেন্দ্রিকতা পরিহার করে পরিবার, সমাজ ও দেশের জন্য নিজেকে শপে দিতে হবে। মেয়র বলেন, পরীক্ষায় ভাল ফলাফলের পাশা-পাশি পিতা-মাতা ও শিক্ষকদের প্রত্যাশা অনুযায়ী দেশ প্রেমিক নাগরিক হতে হবে। ২৯ জানুয়ারি ২০১৮ খ্রি. সকালে অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়ের ২০১৮ সালের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। বিদ্যালয় অডিটরিয়ামে প্রধান শিক্ষক লিলি বড়য়ার সভাপতিত্বে অনুষ্ঠিত বিদায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সোসাইটির পরিচালক মো. সাজ্জাদ। সহকারি শিক্ষক কাজী সুলতানা ইয়াসমিনের সঞ্চালনায় অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষক প্রতিনিধি মো.এহসানুজ্জামান, বিদায়ী শিক্ষার্থী সাইবা ইসলাম ও তাহসিনা নূর বক্তব্য রাখেন। অনুষ্ঠানে দি চিটাগাং কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লি. সহ-সভাপতি আলহাজ্ব মো. ইদ্রিস, সৈয়দ রফিকুল আনোয়ার, নুরুল ইসলাম মিন্টু, অভিভাবক সদস্য শাহআলমসহ অন্যরা উপস্থিত ছিলেন। ২০১৮ সনে অংকুর সোসাইটি উচ্চ বালিকা বিদ্যালয় থেকে ১৬৫ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ গ্রহন করছে। এ ছাড়াও গত ২০১৭ সনে অত্র শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১৪১ জন এসএসসি পরীক্ষায় অংশ নিয়ে ১২০জন জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়। পাশের হার ছিল শতভাগ। সে বছর টেলেন্টপুলে ৩ জন সহ মোট ৩০জন স্কলারশীপ অর্জন করে। মেয়র ১৬৫ জন শিক্ষার্থী সহ বৃত্তিপ্ৰাপ্ত গত বছরের ৩০ জনকেও শুভেচ্ছা জানান এবং বিদায়ী শিক্ষার্থীদের হাতে পরীক্ষার সামগ্রী তুলে দেন।

চট্টগ্রাম- ২৯ জানুয়ারি ২০১৮খ্রি.

## প্রকৌশলীদের ২২ তম সমন্বয় সভায়- মেয়র

২৯ জানুয়ারি ২০১৮ খ্রি. দুপুরে নগরভবনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর প্রকৌশলীদের ২২ তম সমন্বয় সভা প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা নীতি নির্ধারনী বক্তব্য উপস্থাপন করেন। মেয়র বলেন, প্রকৌশল বিভাগের কার্যক্রমের সফলতার উপর সিটি কর্পোরেশনের ভাবমূর্তি নির্ভর করে। সেবা বেশির ভাগ প্রকৌশল বিভাগের অধীনে পরিচালিত হয়। তিনি বলেন, একে অপরের মধ্যে সমন্বয় সাধন এবং নির্ধারিত

সময়ে কর্ম সম্পাদন করে কর্পোরেশনের ভাবমূর্তিকে উজ্জ্বল করতে হবে। সভার আলোচ্য সূচীর মধ্যে ছিল এডিপি, জাইকা, বিএমডিএফ ও থোক বরাদ্দের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা। সভায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. মাহফজুল হক, আবু ছালেহ সহ নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী ও উপ সহকারী প্রকৌশলীবৃন্দ তাদের উপর অর্পিত দায়িত্ব সম্পর্কে রিপোর্ট পেশ করেন।

চট্টগ্রাম- ২৯ জানুয়ারি ২০১৮খ্রি.

## বাংলাদেশ মহিলা বৌদ্ধ সমিতির উদ্যোগে ভদন্ত

### শরণংকর মহাথের'র একক সন্ধর্মদেশনা অনুষ্ঠানে-সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, অসাম্প্রদায়িক চেতনা সমৃদ্ধ এই বাংলা ভূখন্ডে হাজার বছর ধরে হিন্দু,মুসলিম,বৌদ্ধ,খৃষ্টানের সার্বজনীন সহাবস্থান। একের ধর্মীয় আচার-অনুষ্ঠান,পূজা-অর্চনায় অন্যের উপস্থিতি আনন্দ উদযাপন আমাদের চিরকালীন ঐতিহ্য। প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র সরকার সকল ধর্মের সম্প্রীতি,সহাবস্থান ও নিরাপদ জীবনাচার নিশ্চিতকরণে নিরলস কাজ করে যাচ্ছেন। আমাদেরকে স্ব স্ব অবস্থানে থেকে বাংলার চিরকালীন ঐতিহ্য,সংস্কৃতির এই অসাম্প্রদায়িক ধারাকে সমুন্নত রাখতে হবে। বাংলাদেশ মহিলা বৌদ্ধ সমিতি চট্টগ্রাম ২৯ জানুয়ারি ২০১৮ খ্রি. চট্টগ্রাম বৌদ্ধ বিহার প্রাঙ্গনে ভদন্ত শরণংকর মহাথের'র একক সন্ধর্মদেশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠান উদ্বোধন করেন লায়ন আশীষ বড়-য়া। বাংলাদেশ বৌদ্ধ সমিতি যুব'র সার্বিক তত্ত্বাবধানে অধ্যাপিকা ববি বড়-য়ার সঞ্চালনায় অনুষ্ঠানে বাংলাদেশ বৌদ্ধ সমিতি ঢাকার মহাসচিব স্বপন চৌধুরী,জামালখান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, বাংলাদেশ বৌদ্ধ সমিতি যুব সভাপতি এড. জয়শান্ত বড়-য়া, বাংলাদেশ মহিলা বৌদ্ধ সমিতি সভাপতি পুরবী বড়-য়া, জামালখান ওয়ার্ড আওয়ামী লীগ সাধারণ সম্পাদক মোরশেদুল আলম,বাংলাদেশ বৌদ্ধ সমিতি যুব'র সাধারণ সম্পাদক স্বপন বড়-য়া, বাংলাদেশ বৌদ্ধ সমিতি সমাজকল্যান সম্পাদক টিংকু বড়-য়া বক্তব্য রাখেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা